

ঢাকা বিশ্ববিদ্যালয়

এতদ্বারা পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানান যাইতেছে যে, অধিভুক্ত ইঞ্জিনিয়ারিং কলেজেসমূহের বি.এসসি. ইন তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগের ১ম বর্ষ ২য় সেমিস্টার নিয়মিত ও অনিয়মিত ফাইনাল পরীক্ষা (পুরাতন সিলেবাস) আগামী ২ জানুয়ারি, ২০২৩ তারিখ হইতে অনুষ্ঠিত হইবে। উক্ত পরীক্ষার ফরমপূরণ ও ফিস বিনা জরিমানায় আগামী ২০/১২/২০২২ তারিখের মধ্যে অনলাইনে সম্পন্ন করিয়া ফরমসমূহ কলেজ অফিসে সংরক্ষণ ও ফিস অত্র অফিসে জমা দেওয়ার ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হইল। “www.ducmc.com” এই লিংকে প্রবেশ করে ফরমপূরণের সকল কার্যক্রম শিক্ষার্থী নিজেই সম্পন্ন করিতে পারিবে।

উল্লেখ্য যে, ২০/১২/২০২২ তারিখের পর সার্ভার স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাইবে তাই আর কোন পরীক্ষার্থীর ফরমপূরণ ও ফিস জমা নেওয়া সম্ভব হইবে না।

Rules for Improvement Examinations:

1. A student who obtains ‘F’ grade in a course will be allowed to improve the grade two times with any following batches.
2. If a student obtains a grade ‘C+’ or lower in a course in any year, he/she will be allowed to repeat the term-final examination **only once** preferably with the **following batch** for the purpose of grade improvement. A student failing to improve his/her grade in a course can retain the earlier grade.
3. Grade improvement will not be allowed in those courses in which a student obtains grade better than ‘C+’.

কোন পরীক্ষার্থীর তত্ত্বীয় ও ব্যবহারিক শ্রেণীসহ ক্লাসে উপস্থিতির শতকরা হার ৭৫% থাকিতে হইবে। শতকরা ৬০ হতে ৭৪টি শ্রেণীতে উপস্থিতি থাকিলে নন-কলেজিয়েট ফিস প্রদান করে পরীক্ষায় অবতীর্ণ হতে পারবে। ক্লাসে উপস্থিতির হার ৬০% এর নিচে থাকিলে পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবে না। পরীক্ষার ফিস ও নম্বরপত্রী ফিস বাবদ ব্যাংক ড্রাফট/পে-অর্ডার “Fees from the Constituent College” শিরোনামে অত্র অফিসে জমা দিতে হইবে। ফরওয়ারডিং লেটারের মাধ্যমে পরীক্ষার এন্ট্রি ফরম বাবদ জনপ্রতি ১০০ (একশত) টাকা করে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার “Controller of Examinations” (A/C-33011288) শিরোনামে জমা দিতে হইবে। নগদ/চেক কোন অবস্থাতেই গ্রহণযোগ্য হইবে না।

পরীক্ষার ফিসের হার নিম্নরূপ

- | | | |
|----|---|---|
| ১। | প্রতি সেমিস্টার ফিস----- | = ৩০০০/- (তিন হাজার) টাকা। |
| ২। | রিটেক/ফলোয়ন(প্রতি কোর্স) | = ১০০০/- (এক হাজার) টাকা। |
| ৩। | নম্বরপত্রী ফিস----- | = ৩০০/- (তিনশত) টাকা। |
| ৪। | নন-কলেজিয়েট ফিস----- | = ১০০০/- (একহাজার) টাকা (যাহার ক্ষেত্রে প্রযোজ্য) |
| ৫। | বিলম্ব ফিস দৈনিক ৪৫/- (পয়তাল্লিশ) টাকা হারে। | |
| ৬। | কেন্দ্র ফি (স্ব স্ব কলেজ) | |

প্রশাসনিক ভবন

ঢাকা বিশ্ববিদ্যালয়

ঢাকা-১০০০।

স্বাক্ষর/-

পরীক্ষা নিয়ন্ত্রক

ঢাকা বিশ্ববিদ্যালয়।

তারিখঃ ১১/১২/২০২২

মেমো নং: ১৩৩৭/মে.সে./প./৩৩৫

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নোক্তদের নিকট অনুলিপি প্রেরণ করা হইল।

- ১।
 - ২।
 - ৩।
 - ৪।
 - ৫।
 - ৬।
 - ৭।
 - ৮।
 - ৯।
- ১।
- ২।
- ৩।
- ৪।
- ৫।
- ৬।
- ৭।
- ৮।
- ৯।

স্বাক্ষর

পরীক্ষা নিয়ন্ত্রক

ঢাকা বিশ্ববিদ্যালয়।

